

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৩৪/২০১৬

তারিখঃ ২৭/০৬/২০১৬খিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর স্মারক নং-NBR/IT/AWIP/YMOFDATA/P-1/14-15/999, তারিখঃ ২৬/০৬/২০১৬ সম্মানিত সদস্য/ সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

মোহাম্মদ মুছা
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

নথি নং-NBR/IT/AWIP/YMOFDATA/P-1/14-15/999

তারিখ : ২৬/০৬/২০১৬

বিষয় : ০৭ জুলাই, ২০১৬ তারিখ সন্ধ্যা ৭.০০ ঘটিকা হতে শুরু হয়ে ০৯ জুলাই, ২০১৬ সন্ধ্যা ০৭ ঘটিকা (৪৮ ঘন্টা) পর্যন্ত আইজিএম, বিল অব এন্ট্রি ও বিল অব এক্সপোর্ট দাখিল হতে শুরু করে আমদানি ও রপ্তানি সংক্রান্ত সকল প্রকার শুদ্ধায়ন কার্যক্রম, ডেলিভারী বন্ধ থাকা প্রসঙ্গে।

আপনি অবগত আছেন যে, আমদানি ও রপ্তানি পণ্য দ্রুত ও ব্যয় সাশ্রয়ী কাস্টমস শুদ্ধায়ন ও খালাসের লক্ষ্যে বাংলাদেশ কাস্টমস বর্তমানে UNCTAD এর সফটওয়্যার ভিত্তিক এ্যাসাইকুডা ওয়ার্ল্ড কম্পিউটার সিস্টেম ব্যবহার করে আসছে। এই সিস্টেমটি অধিকতর সুষ্ঠুভাবে পরিচালনার জন্য এর সফটওয়্যারের আপগ্রেডেশন কাজ আগামী ০৭ জুলাই, ২০১৬ তারিখ সন্ধ্যা ৭.০০ ঘটিকা হতে শুরু হয়ে ০৯ জুলাই, ২০১৬ সন্ধ্যা ০৭ ঘটিকায় (৪৮ ঘন্টা) শেষ হবে বলে আশা করা যাচ্ছে। উক্ত আপগ্রেডেশনকালীন সময়ে এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সার্ভার বন্ধ (Shut Down) থাকবে। এ সময়ে আইজিএম, বিল অব এন্ট্রি ও বিল অব এক্সপোর্ট দাখিল হতে শুরু করে আমদানি-রপ্তানি পণ্য শুদ্ধায়ন কার্যক্রম, ডেলিভারী গ্রহণ সম্ভব হবেনা। ০৯ জুলাই, ২০১৬ সন্ধ্যা ০৭.০০ ঘটিকার পর হতে আইজিএম, বিল অব এন্ট্রি ও বিল অব এক্সপোর্ট দাখিল হতে শুরু করে যাবতীয় আমদানি-রপ্তানি পণ্য শুদ্ধায়ন কার্যক্রম পুনরায় যথারীতি শুরু হবে।

০২। বিষয়টি অতীব জাতীয় জনগুরুত্বপূর্ণ স্বার্থ সংশ্লিষ্ট বিষয় বিধায় সংশ্লিষ্ট সকল সম্মানিত স্টেকহোল্ডারগণকে অবহিত করার জন্য নির্দেশিত হয়ে সর্বিনয় অনুরোধ করা হলো। এ বিষয়ে কোন তথ্যের/পরামর্শের প্রয়োজনে জনাব মোহাম্মদ শফিকুর রহমান, সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকার (মোবাইলঃ ০১৮২৩৮৮৭৬৬৫) সাথে যোগাযোগ করার পরামর্শ প্রদান করা হলো।

স্বাঃ/-

আ. আ. ম. আমীমুল ইহসান খান
দ্বিতীয় সচিব

[ASYCUDA WORLD]

Email : ehsan_c27@yahoo.com

Phone: 838120-26 (Ext-355)

তারিখ : ২৬/০৬/২০১৬